দৈনিক সংবাদ

তারিখ 14 OCT 1987

পৃষ্ঠা ৪ কলাম ৪

056

## ডঃ কুদরত-ই-খুদার রচনাবলী সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশনার সিদ্ধান্ত

সরকার দেশের প্রখ্যাত বিজ্ঞানী ও শিক্ষাবিদ মরহুম ডঃ কুদরত-ই-খুদার সকল রচনা সংগ্রহ ও সংরক্ষণ করার সিদ্ধান্ত নিয়েছেন। সরকারী সূত্রের উদ্ধৃতি দিয়ে গতকাল বাসস এ খবর জানায়।

ডঃ খুদার নির্বাচিত রচনাবলীর একটি সংকলন প্রকাশ করা হবে বলেও সরকার সিদ্ধান্ত নিয়েছেন। এ উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ একটি নয় সদস্যের ষ্টিয়ারিং কমিটি গঠন করেছে। বিভাগের সচিব আহমেদ ফরিদ কমিটির আহ্বায়ক নিযুক্ত হয়েছেন এবং কমিটিতে বিজ্ঞানী, শিক্ষাবিদ ও সাংবাদিক সহ সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করা হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত ষ্টিয়ারিং কমিটির এক বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়েছে যে, ডঃ খুদার রচনা সমূহ সংগ্রহ ও সংরক্ষণের দায়িত্ব জাতীয় বিজ্ঞান ও কারিগরি 'ডকুমেন্টেশন সেন্টার'কে দেয়া হবে।

কমিটির অন্যান্য সদস্য হলেন: ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আহমেদ শামসুল ইসলাম অধ্যাপক শমসের আলী, ও ডঃ এম, ইব্রাহিম, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আলী আসগর, বিসিএসআইআর-এর অন্যতম বিজ্ঞানী ও ডঃ খুদার কন্যা মিসেস হোসনে আরা খান, বাংলাদেশ সংবাদ সংস্থার সিনিয়র সাংবাদিক এম গাজীউর রহমান এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সহকারী বিজ্ঞান উপদেষ্টা ডঃ লুৎফর রহমান।